



জনগণের ভোট ছাড়া আর কেউ জনপ্রতিনিধি হতে পারবে না: নূর



সংগৃহীত ছবি

গণঅধিকার পরিষদের সভাপতি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ডিপি নুরুল হক নূর জানিয়েছেন, আগের মতো গুন্ডামি বা সন্ত্রাস ব্যবহার করে আর কেউ জনপ্রতিনিধি হতে পারবে না। জনগণের ভোট ছাড়া ইউনিয়ন, উপজেলা বা সংসদে পদ পাওয়ার দিন শেষ।

বুধবার (১৯ নভেম্বর) পটুয়াখালীর দশমিনা উপজেলার গছানী মাধ্যমিক বিদ্যালয় মাঠে আয়োজিত পথসভায় নূর বলেন, দেশের রাজনীতি পরিবর্তনের মুখে রয়েছে। আগামী নির্বাচন নির্ধারণ করবে বাংলাদেশ কোন পথে এগোবে। অতীতের ৫০ বছরের রাজনীতিতে দেখা গেছে, জনপ্রতিনিধিরা উন্নয়নের প্রতিশ্রুতি দিলেও প্রকল্পের বরাদ্দের অনেক অর্থ কাজে লাগেনি।

সভায় সভাপতিত্ব করেন ইউনিয়ন আহ্বায়ক মফিজুর রহমান মাহফুজ, সঞ্চালনা করেন গণঅধিকার পরিষদের বাঁশবাড়িয়া ইউনিয়ন শাখার সদস্য সচিব ইমরান হাওলাদার। স্থানীয় ও কেন্দ্রীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

উল্লেখযোগ্য, নূর পটুয়াখালী-৩ (গলাচিপা-দশমিনা) আসন থেকে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। আসনে বিএনপি এখনও প্রার্থী ঘোষণা করেনি, তবে জোট গঠিত হলে তারা এই আসন নূরের জন্য ছাড়তে পারে। নিকটতম প্রতিদ্বন্দ্বী হিসেবে ধরা হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক ও বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য হাসান মামুন।